

উপজেলা পরিষদ কার্যালয়

মীরসরাই, চট্টগ্রাম

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সেপ্টেম্বর- ২০১৭ মাসের মীরসরাই উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ
সভার সময় : বেলা ১১:০০টা
সভার স্থান : উপজেলা কৃষি অফিসের সম্মেলন কক্ষ, মীরসরাই, চট্টগ্রাম
সভাপতি : জন্মাব ইয়াছমিন আক্তার কাকসী
প্যানেল চেয়ারম্যান- ২, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম


সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত করা হলো ।

সভাপতি উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন । অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচির ক্রমানুসারে সভা পরিচালনা করেন । সভার আলোচ্য বিষয়াদি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো ।


০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

আলোচ্য বিষয়/দপ্তর	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	২৯ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয় ।	উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম
স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে । এরূপ ৩য় ও ৪র্থ কিস্তি যোগ করে দরপত্র আহবানের ব্যবস্থা নেয়া হবে । কাজেই বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ২,৫০,০০০/= টাকার এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ১০,০০,০০০/= টাকার প্রকল্প প্রস্তাব প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ জানান । উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত কাজের জন্য এক লক্ষ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে । সে মোতাবেক চেয়ারম্যান, ০৯ নং মীরসরাই ইউপি হতে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি পাওয়া গিয়েছে । উক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন ।	সিদ্ধান্ত : ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ২,৫০,০০০/= টাকার এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ১০,০০,০০০/= টাকার প্রকল্প প্রস্তাব প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো । সিদ্ধান্ত : এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । আলোচনান্তে চেয়ারম্যান, মীরসরাই ইউপি কর্তৃক দাখিলকৃত ০৭ সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করা হয় এবং উক্ত মোরামত কাজের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মীরসরাই, চট্টগ্রামকে অনুরোধ করা হয় ।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), উপজেলা প্রকৌশলী, মীরসরাই, চট্টগ্রাম
দুর্যোগ ব্যবস্থাপনা ও প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণাবেক্ষণ কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়ার সন্ধাননা রয়েছে বিধায় গ্রামীণ অবকাঠামো সংস্কার(কবিখা) এবং	সিদ্ধান্ত : ৪ টি.আর, কবিখা ও ইজিপিপি খাতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের পূর্ব প্রস্তুতি গ্রহণের জন্য	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মীরসরাই, চট্টগ্রাম

	গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি.আর) কর্মসূচীর আওতায় প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে অধাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের প্রস্তুতি নেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ জানান। তাছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে।	ইউপি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ করা হলো।	
প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, প্রাণিসম্পদ কার্যালয়ের আওতায় সেপ্টেম্বর/২০১৭ মাসে ১৩৪৩ টি গবাদিপশু ও ৫৫০০ টি হাঁসমুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। তাছাড়া ১০৯৭ টি গবাদিপশু কৃত্রিম প্রজনন দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় হয়েছে ২৯৬১৯/= টাকা এবং ভ্যাকসিন বিক্রয় বাবদ আয় হয়েছে ২৯,৫৬০/= টাকা।	সিদ্ধান্ত : প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। উক্ত কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মীরসরাই, চট্টগ্রাম
মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ০১ অক্টোবর-২২ অক্টোবর-২০১৭ পর্যন্ত প্রধান প্রজনন মৌসুমে ইলিশসহ সব ধরণের মাছ ধরা বন্ধ থাকবে। এ ২২ দিন সাগর, উপকূল এবং জৎসংলগ্ন নদী ও খালে ইলিশসহ সব ধরণের মাছ ধরা নিষিদ্ধ। এ সময়ে ইলিশ আহরণ, পরিবহণ, বাজারজাতকরণ, মজুদকরণ ও ক্রয় বিক্রয় মৎস্য আইনে দণ্ডনীয় অপরাধ। এ বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য তিনি অনুরোধ জানান।	সিদ্ধান্ত : ০১ অক্টোবর-২২ অক্টোবর- ২০১৭ পর্যন্ত প্রধান প্রজনন মৌসুমে কেউ যাতে ইলিশ আহরণ, পরিবহণ, বাজারজাতকরণ, মজুদকরণ ও ক্রয় বিক্রয় করতে না পারে এ বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মীরসরাই, চট্টগ্রাম
পরিবার পরিকল্পনা বিভাগ	সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মীরসরাই উপজেলা মোট সক্ষম দম্পতির সংখ্যা ৮৪৩৯৬ জন এবং বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৪২৪৭ জন। আগস্ট-২০১৭ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা পুরুষ ০১ জন এবং মহিলা ০৮ জন।	সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম
সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মীরসরাই উপজেলাধীন বিভিন্ন আবাসন ও আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের মাঝে সরকারী নির্দেশনা মোতাবেক বিভিন্ন সময়ে ঋণ প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর-১৭ পর্যন্ত ঋণ প্রদান ও আদায় বিবরণী (পরিশিষ্ট- খ)।	সিদ্ধান্ত : আবাসন ও আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের মাঝে বিতরণকৃত ঋণ আদায়ের হার সন্তোষজনক। এ বিষয়ে আরও জৎপর হওয়ার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম
মীরসরাই অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত	চেয়ারম্যান, ০৬ নং ইছাখালী ইউপি সভায় বলেন যে, ইছাখালী ইউনিয়নের অর্থনৈতিক জোন এলাকায় বেড়ী বাঁধের ১০ ফুটের মধ্যে বসবাসকারী প্রায় ১৫০ টি পরিবারকে উচ্ছেদ করা হয়েছে। তাদেরকে অন্যত্র পুনর্বাসন করা হবে মর্মে আশ্বস্ত করা হয়েছিল। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও কোনো কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাদেরকে পুনর্বাসনের জন্য পূর্ব ইছাখালী মৌজায় একটি আশ্রয়ণ প্রকল্পের প্রস্তাব প্রেরণের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।	সিদ্ধান্ত : এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পূর্ব ইছাখালী মৌজায় আশ্রয়ণ প্রকল্পের প্রস্তাব প্রেরণের মতো বাস জমি আছে কিনা তা যাচাইক্রমে প্রতিবেদন প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি), মীরসরাই, চট্টগ্রামকে অনুরোধ করা হলো।	সহকারী কমিশনার (ভূমি), মীরসরাই, চট্টগ্রাম
উপজেলা পরিষদের গঠিত স্থায়ী কমিটিসমূহ অনুমোদন সংক্রান্ত	উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের কাজের সহায়তার জন্য উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ২৯ নং ধারার নির্দেশনা মোতাবেক (১) আইন-শৃংখলা (২) যোগাযোগ ও ভোত অবকাঠামো উন্নয়ন: (২) কৃষি ও সেচ (৪) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা (৫) প্রাথমিক ও গণ শিক্ষা (৬) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা (৭) যুব ও ক্রীড়া উন্নয়ন (৮) মহিলা ও শিশু উন্নয়ন (৯) সমাজকল্যাণ (১০) মুক্তিযোদ্ধা (১১) মৎস্য ও প্রাণিসম্পদ (১২) পত্রী উন্নয়ন ও সমবায়	সিদ্ধান্ত : উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ২৯ নং ধারার নির্দেশনা মোতাবেক গঠিত স্থায়ী কমিটিসমূহ অনুমোদন করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কর্মকর্তা(সকল), মীরসরাই, চট্টগ্রাম


 চন্দ্রনাথ

	<p>(১৩) সংস্কৃতি (১৪) পরিবেশ ও বন (১৫) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ (১৬) অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ (১৭) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ এ ১৭ টি বিষয়ে স্থায়ী কমিটি গঠনের বিধান রয়েছে। সে মোতাবেক ১৭ টি স্থায়ী কমিটি গঠন করা হয় এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়(পরিশিষ্ট- গ)।</p>		
<p>উপজেলা পরিষদ এলাকার উন্নয়ন সংক্রান্ত কমিটি গঠন ও উপজেলা পরিষদের রক্ষণাবেক্ষণ তথা নিরাপত্তার স্বার্থে পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে নিয়োজিত আনসার সদস্যদের দৈনিক ভাতা অনুমোদন সংক্রান্ত</p>	<p>সভাপতি সভায় বলেন যে, উপজেলা পরিষদ ক্যাম্পাস এলাকার যোগাযোগ, পয়ঃনিষ্কাশন ও ড্রেইনিজ ব্যবস্থা অত্যন্ত নাজুক। বৃষ্টি হলেই রাস্তায় পানি জমে যায় এবং কাদা-ময়লা জমে জনচলাচলে বিঘ্ন সৃষ্টি হয়। উপজেলা পরিষদ চত্বরের অপরিচ্ছন্ন ও অগোছালো পরিবেশ দেখে বিভিন্ন দপ্তরে সেবা নিতে আসা জনসাধারণের মাঝে উপজেলা পরিষদ সম্পর্কে নেতিবাচক মন্তব্য শোনা যায়। তাছাড়া, গত ২২/০৮/২০১৮ খ্রিঃ তারিখে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম উপজেলা পরিষদ পরিদর্শনে এসে উপজেলা পরিষদ ক্যাম্পাস এলাকার সার্বিক অবস্থা নাজুক দেখে অত্যন্ত অসন্তোষ প্রকাশ করেন এবং সুন্দর ও পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।</p> <p>এমতাবস্থায়, উপজেলা পরিষদের সার্বিক পরিবেশ পরিচ্ছন্ন, আধুনিক ও সমন্বয়যোগ্য করার লক্ষ্যে পরিষদ ক্যাম্পাস এলাকায় টেকসই, দৃষ্টিনন্দন ও সমন্বয়যোগ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ ক্যাম্পাস এলাকার যোগাযোগ, পয়ঃনিষ্কাশন ও ড্রেইনিজ ব্যবস্থাসহ সার্বিক উন্নয়ন পরিকল্পনা (মাস্টার প্ল্যান) তৈরী করার নিমিত্ত নিম্নোক্তভাবে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি আগামী ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে আলোচনা করে তাঁর বরাবর উক্ত উন্নয়ন পরিকল্পনা (মাস্টার প্ল্যান) দাখিল করবেন।</p> <p>০১। উপজেলা প্রকৌশলী, মীরসরাই, চট্টগ্রাম-আহবায়ক, ০২। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, সদস্য, ০৩। উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, ০৪। উপজেলা শিক্ষা অফিসার, সদস্য, ০৫। চেয়ারম্যান, ১৩ নং মায়ানী ইউপি, মীরসরাই, চট্টগ্রাম, সদস্য</p> <p>সভাপতি সভায় আরও বলেন যে, প্রতিবারের ন্যায় পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে ছুটির দিনগুলিতে ৩১/০৮/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৪/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ জনের ০৪ দিন এবং ০২ জনের ০৩ দিন উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ির রক্ষণাবেক্ষণসহ সার্বিক নিরাপত্তা রক্ষার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের ৩০/০৮/২০১৭ খ্রিঃ তারিখের ৭৩৯ নং স্মারকে মোট ০৬ জন আনসার সদস্য নিয়োগ প্রদান করা হয়। ০৪ জন আনসার সদস্যের ৪ দিনের ভাতা দৈনিক ৬৫২/- টাকা হারে প্রতিজন ২,৬১০/= টাকা×০৪ জন মোট ১০,৪৪০/= (দশ হাজার চারশত চল্লিশ) টাকা এবং ০২ জন আনসার সদস্যের ০৩ দিনের ভাতা দৈনিক ৬৫২.৫০ টাকা হারে প্রতিজন ১,৯৫৭.৫০ টাকা×০২ জন মোট ৩,৯১৫/= (তিন হাজার নয়শত পনের) টাকা সর্বমোট ১৪,৩৫৫/= (চৌদ্দ হাজার তিনশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা আনসার ডিডিপি অফিসার দাখিল করেছেন।</p>	<p>সিদ্ধান্ত : উক্ত কমিটি উপজেলা পরিষদ ক্যাম্পাস এলাকার উন্নয়ন ব্যবস্থা সরেজমিনে তদন্ত করে একটি ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা (মাস্টার প্ল্যান) তৈরীপূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন।</p> <p>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের অফিসসহ বাসাবাড়ির রক্ষণাবেক্ষণ তথা নিরাপত্তার স্বার্থে পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে ছুটির দিনগুলিতে নিয়োজিত ০৪ জন আনসার সদস্যের ০৪ দিনের এবং ০২ জন আনসার সদস্যের ০৩ দিনের ভাতা বাবদ ১৪,৩৫৫/= (চৌদ্দ হাজার তিনশত পঞ্চাশ) টাকার বিল অনুমোদন করা হল, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।</p>	<p>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিসার, চেয়ারম্যান, ১৩ নং মায়ানী ইউপি, মীরসরাই, চট্টগ্রাম</p>



উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে উক্ত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের ১৯/০৬/২০১৫ খ্রিঃ তারিখের ৭৮৬ নং স্মারকে সংযুক্ত আনসার/ভিডিপি সদস্যদের প্রাপ্য দৈনিক ভাতা সংক্রান্ত নির্দেশনা সভায় উপস্থাপন করা হয়। পরীক্ষান্তে দাখিলকৃত বিল উক্ত নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ হওয়ায় এবং বিষয়টি উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ির রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা রক্ষা সংশ্লিষ্ট হওয়ায় জনস্বার্থে উক্ত বিল অনুমোদনের জন্য সকল সদস্য একমত পোষণ করেন।		
--	--	--

অতঃপর আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইয়াছিন আক্তার কাকলী)

প্যানেল চেয়ারম্যান-২

উপজেলা পরিষদ

মীরসরাই, চট্টগ্রাম

ও

সভাপতি

উপজেলা পরিষদ সাধারণ সভা

নং ০০.৫০৪.০০২.০৪.১৬.০০৭.১৭-৮০১

তারিখঃ ২৮/০৯/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদস্য অবগতির জন্য :-

- ০১। জনাব ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১ ও মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, শেরে বাংলানগর, ঢাকা
- ০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম
- ০৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, চট্টগ্রাম
- ০৭। প্যানেল চেয়ারম্যান- ২, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ০৮। মেয়র, বারইয়ারহাট পৌরসভা/মীরসরাই পৌরসভা, মীরসরাই, চট্টগ্রাম
- ০৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১০। উপজেলা কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম
- ১১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম
- ১২। জনাব

(মোহাম্মদ সাইফুল করিম)

উপজেলা নির্বাহী অফিসার

মীরসরাই, চট্টগ্রাম

মোবাইল- ০১৭৩৩-৩৩৪৩৫১